

## Official Spokesperson's response to media queries on a press release no. 238/2020 dated 4th June 2020 by Pakistan Foreign Office

June 05, 2020

### 4 জুন 2020 তারিখের পাকিস্তানের পররাষ্ট্র দপ্তরের 238/2020 নং প্রেস বিজ্ঞপ্তি সম্পর্কে গণমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

জুন 05, 2020

### 4 জুন 2020 তারিখের পাকিস্তানের পররাষ্ট্র দপ্তরের 238/2020 নং প্রেস বিজ্ঞপ্তি সম্পর্কে গণমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র শ্রী অনুরাগ শ্রীবাস্তব বলেছেন:

“পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রক বলেছে যে তাদের প্রধানমন্ত্রী গত বছর স্বীকার করেছেন যে পাকিস্তানে এখনও 30,000 থেকে 40,000 সন্ত্রাসবাদী রয়েছে। পাকিস্তানের নেতৃত্বও স্বীকার করেছেন যে অতীতে সন্ত্রাসবাদীরা অন্যান্য দেশে সন্ত্রাসবাদী আক্রমণ চালানোর জন্য দেশের মাটি ব্যবহার করত।

রাষ্ট্রসংঘ সুরক্ষা কাউন্সিলের বিশ্লেষণমূলক সমর্থন ও নিষেধাজ্ঞাগুলি মনিটরিং টিম রিপোর্টে পাকিস্তানের প্রধানমন্ত্রীর ইতিমধ্যে স্বীকারোক্তিরই পুনরাবৃত্তি করা হয়েছে। এই রিপোর্টের নিন্দা করার পরিবর্তে, পাকিস্তানের উচিত তার নিয়ন্ত্রণাধীন অঞ্চলগুলি থেকে সন্ত্রাসবাদের জন্য যে কোনও প্রকার সমর্থন বন্ধ করার প্রতি আত্মনিয়োগ করা উচিত। পাকিস্তান সন্ত্রাসবাদের স্নায়ু কেন্দ্র, এই বাস্তবতা সম্পর্কে সাথে রাষ্ট্রসংঘ এবং আন্তর্জাতিক সম্প্রদায় ভালো ভাবেই ওয়াকিবহাল। ঐ দেশে রাষ্ট্রসংঘের চিহ্নিত করা সন্ত্রাসবাদী ও সন্ত্রাসবাদী সত্তাদের একটি বড় সংখ্যা রয়েছে। অন্যের দিকে আঙুল তুলে দেখানোর ব্রান্ত প্রচেষ্টা চোখের সামনে থাকা তথ্য থেকে দৃষ্টি সরাতে পারে না।

এছাড়াও, পাকিস্তানের ভারত ও আফগানিস্তানের জনগণের মধ্যে ঐতিহ্যগত এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্কের মধ্যে বিভাজন তৈরির প্রচেষ্টা সফল হবে না। আফগানিস্তানের জনগণ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের এই বিষয়টি ভালোভাবেই জানা আছে যে ‘ছিনতাইকারী’ কে এবং কারা সন্ত্রাসীদের আশ্রয়, প্রশিক্ষণ দিয়ে, অস্ত্রশস্ত্র প্রদান ও অর্থায়ন করে এবং নিরীহ আফগান ও আন্তর্জাতিক সম্প্রদায়ের সদস্যদের বিরুদ্ধে সহিংসতার প্রচার করছে। ”

নিউ দিল্লী

জুন 05, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.